

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ৬, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

প্রেস-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ মাঘ ১৪২৪/২৯ জানুয়ারি ২০১৮

নং ১৫.০০.০০০০.০২০.০৬.০০৭.১৬-২২—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪৩ ধারা অনুযায়ী ১(এক) জন চেয়ারম্যান ও সংবাদপত্র প্রতিষ্ঠানের মালিকপক্ষ এবং সাংবাদিক ও সংবাদপত্র কর্মচারী/শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সমসংখ্যক প্রতিনিধি সমন্বয়ে সরকার ৯ম সংবাদপত্র মজুরি বোর্ড গঠন করলেন :

- |     |  |   |             |
|-----|--|---|-------------|
| (ক) | বিচারপতি মোঃ নিজামুল হক, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এর আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি | - | চেয়ারম্যান |
| (খ) | জনাব মতিউর রহমান, সভাপতি, নিউজপেপার ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ                    | - | সদস্য       |
| (গ) | জনাব এ কে আজাদ, সহসভাপতি, নিউজপেপার ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ                    | - | সদস্য       |
| (ঘ) | জনাব মতিউর রহমান চৌধুরী, কোষাধ্যক্ষ, নিউজপেপার ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ         | - | সদস্য       |
| (ঙ) | জনাব মাহফুজ আনাম, সদস্য, নিউজপেপার ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ                     | - | সদস্য       |
| (চ) | জনাব তাসমিমা হোসেন, সদস্য, নিউজপেপার ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ                   | - | সদস্য       |
| (ছ) | জনাব এম. জি কিবরিয়া চৌধুরী, আহ্বায়ক, বাংলাদেশ সংবাদপত্র পরিষদ                      | - | সদস্য       |
| (জ) | জনাব মনজুরুল আহসান বুলবুল, সভাপতি, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন                 | - | সদস্য       |

(১২৮১)  
মূল্য : টাকা ৮.০০

- |     |  |   |       |
|-----|--|---|-------|
| (ঝ) | জনাব ওমর ফারুক, মহাসচিব, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন                                 | - | সদস্য |
| (ঝ) | জনাব মোঃ মতিউর রহমান তালুকদার, সভাপতি, বাংলাদেশ সংবাদপত্র কর্মচারী ফেডারেশন                | - | সদস্য |
| (ট) | জনাব মোঃ খায়রুল ইসলাম, মহাসচিব, বাংলাদেশ সংবাদপত্র কর্মচারী ফেডারেশন                      | - | সদস্য |
| (ঠ) | জনাব মোঃ আলমগীর হোসেন খান, সভাপতি, বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব নিউজপেপার প্রেস ওয়ার্কার্স | - | সদস্য |
| (ড) | জনাব মোঃ কামালউদ্দিন, মহাসচিব, বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব নিউজপেপার প্রেস ওয়ার্কার্স     | - | সদস্য |

২। তথ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রেস) জনাব মোঃ মিজান-উল-আলম ৯ম সংবাদপত্র মজুরি বোর্ড-এর সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন এবং তথ্য মন্ত্রণালয় ৯ম সংবাদপত্র মজুরি বোর্ড-কে সাচিবিক সহায়তা প্রদান করবে।

### ৩। ৯ম সংবাদপত্র মজুরি বোর্ড-এর কার্যপালিধি নিম্নরূপ :

- (ক) ৯ম সংবাদপত্র মজুরি বোর্ড ৮ম সংবাদপত্র মজুরি বোর্ড রোয়েদাদ পর্যালোচনা করে সংবাদপত্র ও সংবাদ সংস্থায় নিয়োজিত সাংবাদিক, সাধারণ কর্মচারী ও প্রেস শ্রমিকদের জন্য বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা সম্পর্কে সুপারিশ করবে। সুপারিশ প্রণয়নকালে সংবাদপত্র মজুরি বোর্ড, সংবাদপত্রে বিদ্যমান আর্থিক অবস্থা ও সক্ষমতা, জীবনযাত্রার ব্যয়, সরকার, কর্পোরেশন এবং ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের সমতুল্য চাকরির মজুরির বিরাজমান হার, দেশের বিভিন্ন অঞ্চল/এলাকার সংবাদ শিল্পের বিদ্যমান অবস্থা এবং বোর্ড-এর বিবেচনায় প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা বিবেচনা করে দেখবে।
- (খ) ইলেক্ট্রনিক মিডিয়ার কর্মীদের বিষয়টি আইনগত পরীক্ষা নিরীক্ষা করে এ বোর্ড সুপারিশ প্রণয়ন করবে।
- (গ) প্রস্তাবিত ওয়েজ বোর্ড প্রয়োজনে অন্তর্বর্তীকালীন সময়ে সংবাদপত্র কর্মচারীদের মহার্ঘ ভাতা প্রদানের বিষয় বিবেচনা করে সরকারের নিকট একটি সুনির্দিষ্ট সুপারিশ পেশ করতে পারবে।
- (ঘ) ৯ম সংবাদপত্র মজুরি বোর্ড গঠনের ৬ (ছয়) মাসের মধ্যে সরকারের কাছে সুপারিশ পেশ করবে।

### ৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

প্রতাপ চন্দ্র বিশ্বাস  
উপসচিব (প্রেস-২)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd